


প্রেস রিলিজ  
০৬ এপ্রিল ২০২৫

## বাউবিতে “ঈদ পুনর্মিলনী” অনুষ্ঠিত

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের গাজীপুর ক্যাম্পাসের কেন্দ্রীয় কনফারেন্স হলে আজ ০৬ এপ্রিল ২০২৫ তারিখ রবিবার সকাল ১১:০০ টায় এক আনন্দঘন ও উৎসবমুখর পরিবেশে ঈদ-উল-ফিতর ২০২৫ এর ছুটি শেষে এক “ঈদ পুনর্মিলনী” অনুষ্ঠিত হয়। বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. এ বি এম ওবায়দুল ইসলাম প্রধান অতিথি হিসেবে বিশ্ববিদ্যালয়ের সর্বস্তরের শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীদের সাথে শুভেচ্ছা বিনিময় করেন। ঈদ পুনর্মিলনী অনুষ্ঠানে উপাচার্য তাঁর বক্তব্যে বলেন, “আমরা পারস্পারিক ভ্রাতৃত্ববোধ ও সৌহার্দ্যপূর্ণ পরিবেশে যেভাবে ঈদের আনন্দ ও উৎসব পালন করেছি ঠিক একইভাবে আমাদেরকে বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় পরিবারের সকলে মিলে সৌহার্দ্য ও সম্প্রীতি বজায় রেখে একটি সুন্দর ও শান্তিপূর্ণ কর্মপরিবেশ তৈরি করতে হবে। তিনি দেশ ও জাতির বৃহত্তর কল্যাণে আত্মনিয়োগ করে এই বিশ্ববিদ্যালয়ের শিক্ষা কার্যক্রমকে আরো এগিয়ে নেয়ার লক্ষ্যে সকলকে ঐক্যবদ্ধভাবে কাজ করার আহ্বান জানান।



অনুষ্ঠানে সকলকে ঈদুল ফিতরের শুভেচ্ছা জানিয়ে সভাপতির বক্তব্য রাখেন, বিশ্ববিদ্যালয়ের ট্রেজারার অধ্যাপক ড. আবুল হাসনাত মোহাম্মদ শামীম। বিশেষ অতিথি হিসেবে শুভেচ্ছা বিনিময় ও বক্তব্য রাখেন, বাউবির প্রো-উপাচার্য (শিক্ষা) অধ্যাপক ড. দিল রওশন জিন্নাত আরা নাজনীন ও প্রো-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক সাঈদ ফেরদৌস পিএইচডি। অনুষ্ঠানটি পরিচালনা ও ধন্যবাদ জ্ঞাপন করেন, বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার ড. মহা শফিকুল আলম। এসময়ে বিশ্ববিদ্যালয়ের মূল ক্যাম্পাসের সর্বস্তরের শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীরা উপস্থিত ছিলেন।



মো: খালেকুজ্জামান খান  
পরিচালক (ভারপ্রাপ্ত)